কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
সংস্থাপন বিভাগ
www.badc.gov.bd

## প্রশাসন উইং এর অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : তুলসী রঞ্জন সাহা, সচিব, বিএডিসি, ঢাকা।
তারিখ ও সময় : ২৫ জানুয়ারি ২০১৭, সকাল ১০.৩০ ঘটিকা।
স্থান : সচিব মহোদয়ের কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই গত ১৪ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়িকরণ করা হয়। সভায় প্রশাসন উইং এর আওতাধীন বিভাগসমূহের অডিট আপত্তির তথ্য পর্যালোচনা ও পরবর্তী সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|---|---|
| ০১ | মনিটরিং বিভাগ | সাধারণ-০০<br>অগ্রিম-০০<br>সংকলনভুক্ত-৮ | মনিটরিং বিভাগ হতে জানানো হয় যে, ৩টি আপত্তির ব্রডশীট জবাব এবং ত্রিপক্ষীয় সভার জন্য ৫টি আপত্তির কার্যপত্র দেয়া হয়েছে। ত্রিপক্ষীয় সভার সংখ্যা বেশি হলে আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি পাবে। | পরবর্তী সভায় প্রতিটি আপত্তি বিস্তারিতভাবে উপস্থাপন করতে হবে। | মনিটরিং বিভাগ |
| ০২ | ক্রয় বিভাগ | সাধারণ-২০০<br>অগ্রিম-৪০<br>সংকলনভুক্ত-১০ | ০১। ক্রয় বিভাগ হতে জানানো হয় যে, সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদের মোট সংখ্যা ২৪০, এর মধ্যে ১৩৫ টির জবাব প্রদান করা হয়েছে, পেন্ডিং আছে ১০৫ টি (সাধারণ অনুচ্ছেদ ৭০, অগ্রীম ৩৫)।<br>০২। সংকলনভুক্ত ১০টি অনুচ্ছেদের মধ্যে ৮টির জবাব প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২টি আপত্তির মধ্যে অনুচ্ছদ নং-৯ (সংকলন বছর ২০০৭-০৮): আমদানীকৃত টিএসপি সারের ঘাটতিমূল্য সংশ্লিষ্টদের নিকট হতে আদায় না হওয়ায় ক্ষতি ১০,৬৩,০৫,০৫৫/- টাকা। যার মধ্যে বীমা বাবদ সাধারণ বীমা কর্পোরেশন হতে ৫,৪৫,৩০,৪৪২/- টাকা আদায় হয়েছে, বাকি টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স দেশ ট্রেডিং কর্পোরেশন'কে বলা হলেও উক্ত প্রতিষ্ঠান টাকা পরিশোধ না করায় তাদের জামানত হতে কর্তনের সিদ্ধান্ত গৃহিত হলে উক্ত সিদ্ধান্ত স্থগিতের জন্য মিস কেস নং ১০৬/২০০৯ দায়ের করে এবং চুক্তিপত্রের শর্তানুযায়ী উদ্ভুত বিরোধ আরবিট্রেশনের মাধ্যমে নিষ্পত্তির জন্য মিস কেস নং ৩৪৩/২০০৯ দয়ের করে। আদালতের নির্দেশনা মোতাবেক সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা)'কে আরবিট্রেটর নিয়োগ করা হলে উক্ত আরবিট্রেশন স্থগিতের জন্য মহামান্য হাইকোর্টে সিভিল রিভিশন মামলা নং ৩৮৮৭/২০১৬ দায়ের করে।<br>০৩। সংকলনভুক্ত অনুচ্ছেদ ১৪ (১৯৯৮-৯৯) : বস্তা গ্রহণ না করে তার মূল্য পরিশোধ করায় সংস্থার ৩,৪৮,৬০০/- টাকা ক্ষতি। বস্তা সরবরাহ না করে জালিয়াতির মাধ্যমে উক্ত টাকা আত্মসাথের অভিযোগে ব্যবস্থাপক ইউনুস আলী'কে চাকরিচ্যুত করা হলে তিনি | ১। অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণের সংখ্যা কম হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। জরুরি ভিত্তিতে অবশিষ্ট আপত্তির জবাব প্রেরণ করতে হবে এবং জবাব প্রেরণের বিষয়ে অধিকতর গুরুত্ব আরোপ করতে হবে।<br>২। বিভাগীয় প্রধানকে উপস্থিত হয়ে প্রতিটি আপত্তির ধরণ ও নিষ্পত্তি না হওয়ার কারণ পরবর্তী সভায় বিশদভাবে উপস্থাপন করতে হবে। | ক্রয় বিভাগ |

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিস্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|---|---|
| | | | এর বিরুদ্ধে স্থগিত চেয়ে মহামান্য হাইকোর্টে সিভিল রিভিশন মামলা নং ১০৭/২০১৩ দায়ের করেন। অন্যদিকে উক্ত টাকা আদায়ের জন্য সংস্থা কর্তৃক মহামান্য হাইকোর্টে সিভিল রিভিশন মামলা নং ১০৮/২০১৩ দায়ের করা হয়। | | |
| ০৩ | তদন্ত বিভাগ | সাধারণ-০০<br>অগ্রিম-০০<br>সংকলনভুক্ত-০১ | ০১। প্রব্লেম ব্যাংক হিসেবে চিহ্নিত দি ওরিয়েন্টাল ব্যাংকে উদ্দেশ্যমূলকভাবে স্থায়ী আমানত রাখায় ক্ষতি ১,৭৭,৯৮,৬৮৬/- টাকা মর্মে ২০০৬-০৮ নিরীক্ষা বছরে (অনুঃ ৮) বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তি উত্থাপিত হয়। উক্ত আপত্তির আলোকে তদন্ত বিভাগ হতে ব্রডশীট জবাবে জানানো হয় যে, সংস্থার তৎকালিন চেয়ারম্যান মহোদয়ের একক সিদ্ধান্তে ২ কোটি টাকা দি ওরিয়েন্টাল ব্যাংকে ৬ মাস মেয়াদি আমানত হিসেবে রাখা হয়।<br>০২। পরবর্তীতে জমাকৃত টাকা ফেরত দেয়ার জন্য বাংলাদেশ ব্যাংক ও দি ওরিয়েন্টাল ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে একাধিকবার পত্র দেয়া হয়। বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন অনুযায়ী এক বছরে দুই কিস্তিতে ২ লক্ষ টাকা সংস্থার ব্যাংক হিসেবে জমা করা হয়। অবশিষ্ট টাকা বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন অনুযায়ী সম্পন্ন করা হবে। কিস্তির টাকা পরিশোধের মেয়াদ ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। তদন্ত বিভাগ হতে জানানো হয় যে, বাংলাদেশ ব্যাংকের মধ্যস্থতায় অবশিষ্ট বকেয়া ২০ লক্ষ টাকা হারে আগামী চার কিস্তিতে পরিশোধিত হবে। | সমুদয় কিস্তির টাকা পরিশোধের পর আপত্তি নিষ্পত্তির জবাব দাখিল করতে হবে। | তদন্ত বিভাগ |
| ০৪ | সংস্থাপন বিভাগ | সাধারণ-০৪<br>অগ্রিম-০৮<br>সংকলনভুক্ত-০০ | সংস্থাপন বিভাগ হতে জানানো হয় যে, সবগুলো আপত্তির জবাব প্রেরণ করা হয়েছে। অনুচ্ছেদ নং ২৫ (নিরীক্ষা বছর ১৯৯৩-৯৪) এর জবাব যথাযথ না হওয়ায় তা ফেরত প্রদান করা হয়। অনিয়মিতভাবে সম্মানী ভাতা প্রদান করায় সংস্থার ক্ষতি ৪৯,৬৭৫/- টাকা যা আদায়যোগ্য মর্মে ১৯৯৩-৯৪ নিরীক্ষা বছরে (অনুঃ ২৫) বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তি উত্থাপিত হয়। উক্ত আপত্তির আলোকে সংস্থাপন বিভাগ হতে ব্রডশীট জবাবে জানানো হয় যে, সংস্থার মামলা ও স্থাবর সম্পত্তি বিক্রয় সংক্রান্ত সভার জন্য উক্ত সম্মানী ভাতা প্রদান করা হয়। আপত্তিটি দীর্ঘদিনের (১৯৯৩-৯৪) পুরাতন হওয়ায় ও আপত্তিতে উল্লিখিত উর্ধ্বতন কর্মকর্তাগণ চাকরি হতে অবসর গ্রহণ করায় আপত্তিকৃত টাকা আদায়ের সুযোগ না থাকায় আপত্তিটি নিস্পত্তির অনুরোধ করা হয়। অডিট বিভাগ হতে আপত্তির জবাব যথাযথ না হওয়ায় তা ফেরত প্রদান করা হয়। | অডিট বিভাগের সাথে যোগাযোগ রেখে পুনঃ জবাব প্রস্তুতপূর্বক আপত্তি নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থাপন বিভাগ |
| ০৫ | নিয়োগ ও কল্যাণ বিভাগ | সাধারণ-০৩<br>অগ্রিম-০২<br>সংকলনভুক্ত-০০ | ০১. ক্যান্টিনের ভাড়া নির্ধারণের বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনেরনবিষয়ে নিয়োগ ও কল্যাণ বিভাগ জানানো হয় যে, ক্যান্টিনের ভাড়া নির্ধারণের বিষয়টি বোর্ড সভায় অনুমোদন হওয়ায় এ সংক্রান্ত আপত্তি নিষ্পত্তির জবাব প্রেরকা করা হয়েছে।<br>০২. কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে শূণ্য পদে নিয়োগ প্রদান সংক্রান্ত আপত্তির বিষয়ে মন্ত্রণালয় থেকে ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে সভায় জানানো হয় যে, নিয়োগ প্রদান সংক্রান্ত আপত্তির বিষয়ে ভূতাপেক্ষ অনুমোদনের জন্য | ১। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ২০০৬ এর নিয়োগ মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর হতে সম্পন্ন হওয়ায় এ সংক্রান্ত অডিট আপত্তির জবাব মহাব্যবস্থাপক (বীজ) | মহাব্যবস্থাপক (বীজ)/নিয়োগ ও কল্যাণ বিভাগ |

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|---|---|
| | | | মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে মন্ত্রণালয় থেকে আরো কিছু তথ্য চেয়ে সংস্থাকে পত্র প্রেরণ করা হয়। নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তরকে উক্ত তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলে তারা জানায় নথিখানা দুদক (দুর্নীতি দমন কমিশন)'কে প্রদান করায় ও তারা ফেরত না দেয়ায় উক্ত তথ্য সরবরাহ করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য মহাব্যবস্থাপক (বীজ) ও প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) দপ্তর হতে ২০০৬ সালে উক্ত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়। | এর দপ্তর হতে সংগ্রহ করতে হবে এবং তা পরীক্ষা-নিরীক্ষা করে যথাযথভাবে জবাব প্রেরণ করতে হবে। | |
| ০৬ | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ | সাধারণ-০৫<br>অগ্রিম-০৩<br>সংকলনভুক্ত-০০ | ১। সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয় যে, তিনটি অডিট আপত্তির জবাব প্রস্তুত করা হয়েছে। তথ্য সংগ্রহে বিলম্ব হওয়ায় অবশিষ্ট জবাব প্রেরণ করা সম্ভব হয়নি। বর্ণিত বিষয়ের সাথে অনেক কর্মকর্তা/কর্মচারি জড়িত। তাদের তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে।<br>২। অডিট আপত্তিতে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। অবসরপ্রাপ্তগণের নিকট হতে অর্থ আদায়ের ক্ষেত্রে প্রথমে তাদেরকে পত্র মারফত টাকা জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হবে। যদি অর্থ পরিশোধে ব্যর্থ হন তাহলে তাদের বিরুদ্ধে PDR Act এ মামলা করা হবে।<br>৩. সংস্থার সম্পদ ব্যবস্থাপনার বিষয়ে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে সভা আহ্বানের নিমিত্ত সম্পদের তথ্য চেয়ে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরকে পত্র দেয়া হয়েছে। | জরুরি ভিত্তিতে তথ্য সংগ্রহ করে অডিট আপত্তির জবাব প্রেরণ করতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ |
| ০৭ | সাধারণ পরিচর্যা বিভাগ | সাধারণ-৫৭<br>অগ্রিম-২০<br>সংকলনভুক্ত-০৩ | ০১ মন্ত্রণালয় সংশ্লিষ্ট আপত্তি ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির লক্ষে মন্ত্রণালয় সংশ্লিষ্ট আপত্তির তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে।<br>০২। ভাড়া/ভ্যাট আদায় সংক্রান্ত আপত্তি নিষ্পত্তির নিমিত্ত Sonali Bank ও অন্যান্য ভাড়াটিয়া প্রতিষ্ঠানকে তাগাদি দেয়া হয় এবং সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয় Sonali Bank সহ অন্যান্য ভাড়াটিয়া প্রতিষ্ঠান হতে ভাড়া/ভ্যাট হয়েছে।<br>০৩। অডিট আপত্তিতে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। অবসরপ্রাপ্তগণের নিকট হতে অর্থ আদায়ের ক্ষেত্রে প্রথমে তাদেরকে পত্র মারফত টাকা জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া হবে। যদি অর্থ পরিশোধে ব্যর্থ হন তাহলে তাদের বিরুদ্ধে PDR Act এ মামলা করা হবে।<br>০৪। অডিট বিভাগের প্রতিনিধির উপস্থিতিতে যুগ্মসচিব (সাঃ পঃ) এর সভাপতিত্বে তার কক্ষে অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুতপূর্বক অডিট বিভাগে প্রেরণ করা হবে। | আপত্তিসমূহের প্রমাণকসহ জবাব দাখিলপূর্বক দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ |
| ০৮ | সমন্বয় বিভাগ | সাধারণ-০১<br>অগ্রিম-০০<br>সংকলনভুক্ত-০০ | সমন্বয় বিভাগ হতে জানানো হয় যে, অর্থ বিভাগ হতে অর্থ মঞ্জুরী ব্যতিরেকে পর্ষদ সভার সদস্যবৃন্দকে সম্মানী পরিশোধ করায় অডিট আপত্তি উত্থাপিত হয়। অডিট বিভাগের নির্দেশনার আলোকে ভূতাপেক্ষ অর্থ মঞ্জুরীর জন্য নথি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। | অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সমন্বয় বিভাগ |

৯। পরবর্তী সভায় অডিট বিভাগের একজন প্রতিনিধি এ সভায় উপস্থিত থাকার জন্য মাসিক অডিট পর্যালোচনা সভায় প্রস্তাব পেশ করতে হবে।

১০। প্রশাসন উইং এর সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ'কে অডিট পর্যালোচনা সভায় অবশ্যই উপস্থিত থাকতে হবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭.০২.১৭

(তুলসী রঞ্জন সাহা)
সচিব
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর-৯৫৬৪৩২৮
e-mail: chairman@badc.gov.bd

স্মারক নং ১২.০৬.০০০০.২০৩.০১.০৬১.১৬-২৭৭০(২৬)

তারিখ :০৮ ফেব্রুয়ারি ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. ........................................................................................ বিএডিসি, ঢাকা
(সংশ্লিষ্ট সকল বিভাগীয়/ প্রকল্প প্রধান)

২. প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৪. সদস্য পরিচালক (অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

০৭.০২.২০১৭

(স্বপন কুমার দাস)
যুগ্মসচিব (সংস্থাপন)
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর-৯৫৫২০৬৭
e-mail: establishment@badc.gov.bd